কালের কণ্ঠ

তারিখ : 5 AUG 2017
পৃষ্ঠা ৬ কলাম ২

# আন্দোলন স্থগিতের ১৫ ঘণ্টা পর আবার বিক্ষোভে শিক্ষার্থীরা

**ব্র্যাক বিশ্ববিদ্যালয়**

নিজস্ব প্রতিবেদক ▷

আন্দোলন স্থগিতের ১৫ ঘণ্টা পার হতে না হতেই আবারও রেজিস্ট্রারের অব্যাহতির দাবিতে অবস্থান কর্মসূচি শুরু করেছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গতকাল শুক্রবার সকাল ১০টা থেকে শিক্ষার্থীরা আবারও বিশ্ববিদ্যালয়ের সামনে জড়ো হয়ে বিক্ষোভ শুরু করে।

এর আগে পাঁচ দিন ধরে বিক্ষোভের পর গত বৃহস্পতিবার সন্ধ্যায় প্রশাসনের আশ্বাসে আন্দোলন স্থগিতের ঘোষণা দেয় শিক্ষার্থীরা।

আন্দোলনকারীদের মুখপাত্র কামরুন নাহার ডানা বলেন, 'শিক্ষকদের প্রতি সম্মান জানিয়ে আমরা আন্দোলন স্থগিত করেছিলাম। কিন্তু তখন সাধারণ শিক্ষার্থীদের মতামত নেওয়া হয়নি। শিক্ষার্থীরা বলছে, রেজিস্ট্রার মুহাম্মদ শাহুল আফজাল পদে থাকলে তদন্ত সুষ্ঠু হবে না। তাই আমরা তদন্ত চলাকালে হলেও তাঁর অব্যাহতি চাই। এ ছাড়া আন্দোলনকারী শিক্ষার্থীদের হেনস্তা না করারও কোনো ঘোষণা বিশ্ববিদ্যালয় থেকে দেওয়া হয়নি। তাই আমাদের বিক্ষোভ চলবে।'

শিক্ষার্থীদের দাবিগুলো হচ্ছে রেজিস্ট্রার মুহাম্মদ শাহুল আফজাল, সহকারী রেজিস্ট্রার মাহি উদ্দিন এবং কো-কারিকুলাম অ্যাক্টিভিটিজের সিনিয়র অফিসার জাভেদ রাসেলকে বরখাস্ত, নিরাপত্তাকর্মীদের হাতে ছাত্রীদের লাঞ্ছিত হওয়ার ঘটনা তদন্ত করা, তদন্ত চলাকালে ফাইনাল পরীক্ষাসহ সব ধরনের অ্যাকাডেমিক কার্যক্রম স্থগিত রাখা, শিক্ষার্থীদের হয়রানির জন্য উপাচার্যের প্রকাশ্যে ক্ষমা প্রার্থনা করা এবং আলোচনার ভিত্তিতে নতুন করে পরীক্ষার সময়সূচি নির্ধারণ করা।

গতকাল ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের পরীক্ষা থাকলেও কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের শিক্ষার্থীরা পরীক্ষায় অংশ নেয়নি বলে জানায় শিক্ষার্থীরা। তবে আন্দোলনকারীরা কাউকে পরীক্ষা দিতে যেতে বাধা দেয়নি।

গত রবিবার আইন বিভাগের শিক্ষক ফারহান উদ্দিন আহমেদকে নির্দিষ্ট সময়ের আগেই অব্যাহতিপত্র দেওয়া হয়। নিয়মবহির্ভূতভাবে এই অব্যাহতিপত্র দেওয়ায় তিনি তা গ্রহণ না করায় তাঁকে লাঞ্ছিত করা হয়। এর প্রতিবাদে ওই দিন থেকেই আন্দোলন করছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।